# শাহ্ ফরাছত আলী উচ্চ বিদ্যালয়

গ্রাম : খোলাপাড়া, ডাকঘর : তারুয়া, উপজেলা : আশুগঞ্জ, জেলা : ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং ঃ..................

তারিখ : ৩০/০৭/২০[illegible]৬ইং

দাতা ভোটার সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাহ ফরাছত আলী উচ্চ বিদ্যালয়, খোলাপাড়া, উপজেলা-আশুগঞ্জ, জেলা-ব্রাহ্মণবাড়িয়া এর আসন্ন ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৬ এ দাতা ক্যাটাগরীতে দাতা হওয়ার জন্য আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যাক্তিগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,কুমিল্লা এর ১৫/০৫/২০২৪ইং তারিখের প্রবিধানমালা ও ৩১/০৮/২০২৫ইং তারিখের সংশোধিত প্রবিধানমালার আলোকে ১) আজীবন দাতা হওয়ার জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা) এবং ২) এককালীন দাতা হওয়ার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) বিদ্যালয়ের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে আগামী ২০/০৮/২০২৬ইং তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে বিদ্যালয় অফিসে জমা প্রদান করে বিদ্যালয় প্রদত্ত রশিদ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের মধ্যে পে-অর্ডার জমাকারী ব্যাক্তিগণকে আসন্ন ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৬ এর দাতা ভোটার তালিকায় অন্তর্ভূক্ত করা হবে। উল্লেখ্য যে, পে-অর্ডারের সাথে জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে।

৩০/০৭/২৬ইং

মোঃ মতিউর রহমান
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
শাহ ফরাছত আলী উচ্চ বিদ্যালয়
খোলাপাড়া, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
মোবাইল : ০১৩০৯-১০৩২৩৭